

# 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪১৫

১৫. রক্তপণ অধ্যায় (كتاب الديات)

পরিচ্ছেদঃ ১৮. কোনো লোক অপর লোকের হাত কামড়ে ধরে, আর সে লোকটি যদি তার হাত টান দিয়ে ছাড়িযে নেয় (এর জন্য কোনো ক্ষতি হলে তার দিয়াত দিতে হবে কি-না)

بَابِ فِيمَنْ عَضَّ يَدَ رَجُلٍ فَانْتَزَعَ الْمَعْضُوضُ يَدَهُ

## আরবী

حَدَّثَنَا هَاشِمُ بْنُ الْقَاسِمِ حَدَّثَنَا شُعْبَةُ قَالَ قَتَادَةُ أَخْبَرَنِي قَالَ سَمِعْتُ زُرَارَةَ بْنَ أَوْفَى عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ أَنَّ رَجُلًا عَضَّ يَدَ رَجُلٍ قَالَ فَنَزَعَ يَدَهُ فَوَقَعَتْ ثَنِيَّتَاهُ فَاخْتَصَمُوا إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ يَعَضَّ أَحَدُكُمْ أَخَاهُ كَمَا يَعَضَّ الْفَحْلُ لَا دِيَةَ لَكَ

#### বাংলা

২৪১৫. ইমরান ইবনু হুসাইন রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত আছে, একজন লোক তার দাঁত দিয়ে অন্য একজনের হাত কামড়ে ধরে। ঐ লোক তার হাতকে টেনে ছাড়িয়ে নেওয়ার ফলে প্রথম লোকটির সামনের দুটি দাঁত উপড়ে যায়। তারা দুজনেই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট অভিযোগ উত্থাপন করলে তিনি বললেনঃ "তোমাদের কোন লোক কি (মর্দা) উটের মত দাঁত দিয়ে তার ভাইকে কামড় দেয়? তোমার কোন দিয়াত প্রাপ্য নেই।"[1]

# ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী ও মুসলিম কর্তৃক সম্মিলিত ভাবে বর্ণিত।

তাখরীজ: বুখারী, দিয়াত ৬৮৯২; মুসলিম, কাসামাহ ১৬৭৩।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৫৯৯৮, ৫৯৯৯ তে। এছাড়াও, তাহাবী, মুশকিলিল আছার ২/১১৯ সহীহ সনদে; বাইহাকী, আশরিবাহ ওয়াল হাদ্দ ফিহা ৮/৩৩৬;

### হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)



 $\textit{\textbf{\textit{G}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 82698$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন